

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
আইন শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার  
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১১.১৯.১১৫

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬

২৫ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১২১২/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ০৫.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: গোলাম রসুল, পিতা: মৃত সোলেমান আলী, সহকারী শিক্ষক (বিজ্ঞান), এস.এস.সি (ভোকেশনাল এডুকেশনাল প্রোগ্রাম), কয়ামাজমপুর উচ্চ বিদ্যালয়, উপজেলা: দুর্গাপুর, জেলা: রাজশাহী কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২১২/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং-বাকাশিবো/ক(ভোক:)/২০১৪/১৩৯২, তারিখ: ১১.০১.২০১৫ খ্রি: এবং ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৪৮৭.১৫-২৭৩২(৭), তারিখ: ২৬.০১.২০১৫ খ্রি: মোতাবেক রিট আবেদনকারী জনাব মো: গোলাম রসুল এর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়। তিনি (জনাব মো: গোলাম রসুল) বিগত ১৫.০৪.২০১৫ খ্রি: তারিখে রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন কয়ামাজমপুর উচ্চ বিদ্যালয়ের এস.এস.সি (ভোকেশনাল) শাখায় সহকারী শিক্ষক (বিজ্ঞান) পদে যোদান করেন। এমপিওভুক্তির জন্য জেলা শিক্ষা অফিসার, রাজশাহীর মাধ্যমে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর বিগত ১০.০৬.২০১৫ খ্রি: তারিখে আবেদন করা হয়। কিন্তু এমপিওভুক্তি না হওয়ায় সংকল্প হয়ে এমপিওভুক্তির দাবীতে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১২১২/২০১৯ মামলাটি দায়ের করা হয়।

০৩. রিট পিটিশন নং-১২১২/২০১৯ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক বিগত ০৫.০২.২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ আদেশ দেয়া হয়:


*"Pending hearing of the Rule, respondent No.2 is directed to dispose of petitioners application dated 31.01.2019 (Annexure-G) in accordance with law within a period of 60(sixty) days from receipt of the copy of this order."*

০৪. রিট পিটিশন নং-১২১২/২০১৯ মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্টসহ মোট ০৯ (নয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৫. মামলাটিতে মহামান্য আদালত ডিজি,ডিটিইকে পিটিশনার কর্তৃক দাখিলকৃত (ডিজি বরাবর) ৩১.০১.১৯ খ্রি: তারিখের আবেদনটি আইনানুগভাবে নিষ্পত্তির নির্দেশনা দিয়েছে।

০৬.সেহেতু মহামান্য আদালত কর্তৃক পিটিশনার এর গত ৩১.০১.১৯ খ্রি: তারিখের (ডিজি,ডিটিই বরাবর) দাখিলকৃত আবেদনটি আইনানুগভাবে নিষ্পত্তির জন্য নির্দেশনা জারি করা হয়েছে সেহেতু ডিজি,ডিটিই কর্তৃক উক্ত আবেদনটি নিষ্পত্তিক্রমে নিষ্পত্তির বিষয়টি আবেদনকারী এবং মহামান্য আদালতকে অবহিতকরণ প্রয়োজন।

০৭. এমতাবস্থায় উপরিউক্ত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৫-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১১১.১৯.১১৫/১(৭)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬  
২৫ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৫-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)